# আল-মুতাফফিফীন | Al-Mutaffifin | ٱلْمُطَفِّفِين

আয়াতঃ ৮৩ : ২৭

## আরবি মূল আয়াত:

وَ مِزَاجُهٗ مِنۡ تَسۡنِیۡمٍ ﴿۲۷﴾

## অনুবাদসমূহ:

আর তার মিশ্রণ হবে তাসনীম থেকে। — আল-বায়ান

তাতে মেশানো থাকবে ‘তাসনীম, — তাইসিরুল

ওর মিশ্রণ হবে তাসনীমের। — মুজিবুর রহমান

And its mixture is of Tasneem, — Sahih International

### ২৭. আর তার মিশ্রণ হবে তাসনীমের(১),

(১) তাসনীম মানে উন্নত ও উঁচু। [ফাতহুল কাদীর] কোন কোন মুফাসসির বলেন, কোন ঝরণাকে তাসনীম বলার মানে হচ্ছে এই যে, তা উঁচু থেকে প্রবাহিত হয়ে নীচের দিকে আসে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

### ২৭। এর মিশ্রণ হবে তাসনীমের (পানির)। [1]

[1] ‘তাসনীম’ শব্দের অর্থ হল উচ্চতা। উটের কুঁজ তার শরীর থেকে উঁচু, তাই তাকে ‘সিনাম’ বলা হয়। কবর উঁচু করাকেও ‘তাসনীমুল ক্বুবূর’ বলা হয়। ভাবার্থ এটাই হল যে, উক্ত মদিরায় তাসনীম শারাবের মিশ্রণ থাকবে; যা জান্নাতের উঁচু এলাকার এক ঝরনা থেকে প্রবাহিত হবে। আর এটা জান্নাতের সবচেয়ে উত্তম ও উচ্চ পর্যায়ের বিশুদ্ধ শারাব হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5875

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন